

Embassy of Bangladesh
Washington DC

Press Release

Adviser Salman F Rahman and Senator Menendez discuss Bangladesh-US relations

Washington, DC, 29 July 2021

Mr. Salman Fazlur Rahman, MP, Adviser for Private Industry and Investment to the Prime Minister held a meeting with Senator Bob Menendez, Chairman of the Senate Committee on Foreign Relations today at the latter's Senate Hurt Office Building, Washington DC. The discussion covered various aspects of Bangladesh-US relations.

The Advisor briefed the Senator on the impressive socio-economic development that has taken place in Bangladesh during the last 12 years under the dynamic and visionary leadership of Prime Minister Sheikh Hasina. He sought the Senator's support to further strengthen Bangladesh-US relations.

Senator Menendez noted with appreciation Bangladesh's economic growth and social progress under the leadership of Bangladesh Prime Minister Sheikh Hasina. In this regard, the Senator also underscored the importance of upholding labor rights and workers' safety side by side with economic progress. Adviser Rahman apprised the Senator about various new initiatives taken at the behest of Prime Minister Sheikh Hasina to further improve labor rights and workers' safety. Referring to the recent fire incident in a factory in Rupgonj, the Adviser apprised the Senator of the formation a high-powered committee headed by him to inspect building safety and remedial measures.

The meeting was also attended by Senior Secretary of Finance Division Mr. Abdur Rouf Talukder and Bangladesh Ambassador to the United States M Shahidul Islam.

Advisor Salman F Rahman is currently visiting the USA as the leader of a high-level delegation in connection with the Bangladesh Investment Roadshow in major US cities.



আনঅফিসিয়াল অনুবাদ

মার্কিন সিনেটর বব মেনেন্দেজের সাথে প্রধানমন্ত্রীর উপদেষ্টা সালমান এফ রহমানের বৈঠক

ওয়াশিংটন, ডিসি, ২৯ জুলাই ২০২১

প্রধানমন্ত্রীর বেসরকারী শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান ফজলুর রহমান আজ ওয়াশিংটন ডিসির সিনেট হাট অফিস ভবনে বৈদেশিক সম্পর্ক বিষয়ক সিনেট কমিটির চেয়ারম্যান বব মেনেন্দেজের সাথে বৈঠক করেছেন। আলোচনায় বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের বিভিন্ন দিক অন্তর্ভুক্ত ছিল।

উপদেষ্টা প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল ও দূরদর্শী নেতৃত্বে গত ১২ বছরে বাংলাদেশে যে ব্যাপক আর্থ-সামাজিক অগ্রগতি সাধিত হয়েছে তা সিনেটরকে অবহিত করেন। তিনি বাংলাদেশ-মার্কিন সম্পর্ক আরও জোরদার করতে সিনেটরের সমর্থন কামনা করেন।

সিনেটর মেনেন্দেজ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামাজিক অগ্রগতির প্রশংসা করেন। সিনেটর মেনেন্দেজ অর্থনৈতিক অগ্রগতির পাশাপাশি শ্রম অধিকার ও শ্রমিকদের সুরক্ষা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। উপদেষ্টা দেশে শ্রমিকের অধিকার এবং সুরক্ষা অধিকতর উন্নত করার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে গৃহীত বিভিন্ন নতুন উদ্যোগ সম্পর্কে সিনেটরকে অবহিত করেন। রূপগঞ্জের একটি কারখানায় সাম্প্রতিক অগ্নিকাণ্ডের ঘটনার কথা উল্লেখ করে উপদেষ্টা ভবন সুরক্ষা এবং প্রতিকারমূলক ব্যবস্থা পরিদর্শন করার জন্য তার নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠনের বিষয়ে সিনেটরকে অবহিত করেন।

বৈঠকে অর্থ বিভাগের সিনিয়র সচিব আবদুর রউফ তালুকদার এবং যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম সহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।

উপদেষ্টা সালমান এফ রহমান বর্তমানে যুক্তরাষ্ট্রের কয়েকটি বড় শহরে চলমান বাংলাদেশ বিনিয়োগ রোডশো সম্পর্কিত একটি উচ্চ-পর্যায়ের প্রতিনিধি দলের নেতা হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্র সফর করছেন।